

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কর নীতি উইং

পরিপত্র-০১ (আয়কর)/২০১৬-১৭

২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে
আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তনসমূহের স্পষ্টীকরণ

৩৪। মোটর গাড়ির মালিকানাভিত্তিক অনুমিত আয়ের উপর অগ্রিম কর আরোপ সংক্রান্ত আয়কর অধ্যাদেশে নতুন ধারা 68B সন্নিবেশ

অর্থ আইন, ২০১৬ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে একটি নতুন ধারা 68B সন্নিবেশ করা হয়েছে। নতুন ধারাটিতে প্রাইভেট মোটর গাড়ি (motor car) এর মালিকানাভিত্তিক অনুমিত আয় (যা দ্বারা উক্ত মোটরগাড়ি পরিচালনা ও রক্ষণাবেক্ষণজনিত ব্যয় নির্বাহ হয়) এর উপর অগ্রিম কর আরোপের বিধান সন্নিবেশ করা হয়েছে।

এ বিধান প্রবর্তনের ফলশ্রুতিতে মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকানাভিত্তিক অনুমিত আয় সংক্রান্ত এস, আর, ও নং ৯৯-আইন/ ২০১৫, তারিখ ১৭ মে, ২০১৫ খ্রিস্টাব্দ রহিত করা হয়েছে।

ধারা 68B এর উপধারা (1) এর বিধানমতে, কোন আয় বছরে কোন ব্যক্তি মোটর গাড়ি (জীপ বা মাইক্রোবাসসহ) এর মালিক হলে ঐ ব্যক্তির ক্ষেত্রে উক্ত আয় বছরে অনুমিত আয় ধরে উপধারা (2) এ বর্ণিত হারে অগ্রিম কর আদায়যোগ্য হবে।

উপধারা (2) অনুযায়ী অগ্রিম করের হার হবে নিম্নরূপ:

ক্রমিক নং	গাড়ীর ধরণ ও ইঞ্জিন ক্যাপাসিটি	অগ্রিম কর (টাকা)
(১)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	১৫,০০০/-
(২)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	৩০,০০০/-
(৩)	২৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	৫০,০০০/-
(৪)	৩০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	৭৫,০০০/-
(৫)	৩৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	১,০০,০০০/-
(৬)	৩৫০০ সিসির উপর প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	১,২৫,০০০/-
(৭)	মাইক্রোবাস প্রতিটির জন্য	২০,০০০/-

তবে, কোন ব্যক্তির একক বা যৌথ মালিকানায় একের অধিক মোটর কার (জীপ বা মাইক্রোবাসসহ) থাকলে পরবর্তী প্রতিটির ক্ষেত্রে উপর্যুক্ত হার অপেক্ষা ৫০% বেশি হারে অগ্রিম কর প্রদেয় হবে।

মোটর কার, জীপ বা মাইক্রোবাসের রেজিস্ট্রেশনের সময় অথবা ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত অগ্রিম কর প্রদান করতে হবে। রেজিস্ট্রেশন বা ফিটনেস সনদ প্রদানকারী কর্তৃপক্ষ সনদ প্রদানের পূর্বে নিশ্চিত হবেন যে সংশ্লিষ্ট মোটর কার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রেও উক্ত ধারায় বর্ণিত হারে অগ্রিম কর পরিশোধ করা হয়েছে।

যেক্ষেত্রে প্রতি বছর ফিটনেস নবায়ন হয়না সে ক্ষেত্রে করদাতার প্রত্যেক আয় বছর শেষ হওয়ার পূর্বে উক্ত অগ্রিম কর প্রদান করতে হবে এবং কর পরিশোধের প্রমাণ পরবর্তী ফিটনেস নবায়নের সময় তা ফিটনেস সনদ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

মোটর কার, জীপ বা মাইক্রোবাসের নিম্নবর্ণিত মালিকের ক্ষেত্রে উক্ত ধারায় উল্লিখিত অগ্রিম কর প্রযোজ্য হবে না-

- (১) সরকার বা স্থানীয় সরকার;
- (২) সরকারের বা স্থানীয় সরকারের কোন প্রকল্প, কর্মসূচি বা কার্যক্রম;
- (৩) কোন বিদেশী কূটনৈতিক, বাংলাদেশে অবস্থিত কোন বিদেশী কূটনৈতিক মিশন, জাতিসংঘ ও এর অংগ সংগঠনের দপ্তর;
- (৪) বাংলাদেশের কোন বিদেশি উন্নয়ন সহযোগী ও তার সংযুক্ত দপ্তর;
- (৫) সরকারের Monthly Payment Order (MPO) এর অধীনে সুবিধাপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান;
- (৬) কোন পাবলিক বিশ্ববিদ্যালয়;
- (৭) এমন কোন সত্তা (entity) যা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২ এর ক্লাজ (৪৬) অনুযায়ী ব্যক্তি (person) এর সংজ্ঞাভুক্ত নয়;
- (৮) কোন গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা;
- (৯) এমন কোন প্রতিষ্ঠান (institution) যার নিকট হতে এ ধারায় অগ্রিম কর আদায় হবে না মর্মে বোর্ড কর্তৃক সনদ প্রদান করা হয়েছে।

উপধারা (২) এর অধীনে অগ্রিম কর প্রযোজ্য- এমন ব্যক্তির কোন আয় বছরে নিয়মিত উৎসের আয়ের উপর প্রযোজ্য করদায় যদি উপধারা (২) এর অধীনে প্রদত্ত অগ্রিম কর অপেক্ষা কম হয় তাহলে ধরে নেয়া হবে যে ঐ ব্যক্তির উক্ত আয় বছরে এরূপ আয় ছিল যার উপর গণনাকৃত করদায় উপধারা (২) এর অধীনে আদায়কৃত করের সমান।

উপধারা (2) এর অধীনে পরিশোধকৃত কর নিয়মিত উৎসের আয়ের উপর প্রযোজ্য করের বিপরীতে ক্রেডিট পাওয়া যাবে। তবে উক্ত করের কোন অংশ ফেরতযোগ্য হবে না বা এরূপ কর পূর্ববর্তী কোন কর বছরের করদাবীর বিপরীতে সমন্বয় করা যাবে না।

ধারা 68B তে-

- (১) মোটরগাড়ি (motor car) বলতে বুঝাবে Motor Vehicles Ordinance 1983 (LV of 1983) এর ধারা 2 এর ক্লজ (25) অনুযায়ী সংজ্ঞায়িত মোটর গাড়ি, যার মধ্যে জীপ এবং মাইক্রোবাসও অন্তর্ভুক্ত হবে।
- (২) নিয়মিত উৎসের আয় (income from regular source) বলতে ধারা 82C এর উপধারা (2) এ উল্লিখিত উৎস ব্যতীত অন্য কোন উৎসের আয়কে বুঝাবে।

প্রশ্ন ৩৪-১: আমার নিয়মিত উৎসের আয়ের উপর আয়কর ২৫,০০০/- টাকা। সংশ্লিষ্ট আয় বছরে আমি বেতন খাতে ১৮,০০০/- টাকা উৎস কর এবং আমার ১৪৯০ সিসি মোটর গাড়ির ফিটনেস নবায়নের সময় ১৫০০০/- টাকা অগ্রিম কর প্রদান করেছি। আমার অতিরিক্ত পরিশোধিত ৮,০০০/- টাকা কি ফেরতযোগ্য হবে?

উত্তর ৩৪-১: আপনার নিয়মিত উৎসের বিপরীতে উৎস কর এবং ১৪৯০ সিসি মোটর গাড়ির ফিটনেস নবায়নের সময় প্রদত্ত অগ্রিম করের সমষ্টি $(১৮,০০০ + ১৫,০০০) = ৩৩,০০০/-$ টাকা। আপনার নিয়মিত উৎসের আয়ের উপর আয়কর মোটর গাড়ির ফিটনেস নবায়নের সময় প্রদত্ত অগ্রিম কর অপেক্ষা বেশি। ফলে নিয়মিত উৎসের আয়ের উপর প্রযোজ্য আয়কর ২৫,০০০/- টাকা হবে আপনার করদায়। এক্ষেত্রে ২৫,০০০/- টাকার অতিরিক্ত অংক অর্থাৎ ৮,০০০/- টাকা ফেরতযোগ্য হবে।

প্রশ্ন ৩৪-২: আমার নিয়মিত উৎসের আয়ের উপর আয়কর ৫,০০০/- টাকা। সংশ্লিষ্ট আয় বছরে আমি বেতন খাতে ৩,০০০/- টাকা উৎস কর এবং আমার ১৪৯০ সিসি মোটর গাড়ির ফিটনেস নবায়নের সময় ১৫০০০/- টাকা অগ্রিম কর প্রদান করেছি। আমার অতিরিক্ত পরিশোধিত ১৩,০০০/- টাকা কি ফেরতযোগ্য হবে?

উত্তর ৩৪-২: আপনার নিয়মিত উৎসের বিপরীতে উৎস কর এবং মোটর গাড়ির ফিটনেস নবায়নের সময় প্রদত্ত অগ্রিম করের সমষ্টি $(৩,০০০ + ১৫,০০০) = ১৮,০০০/-$ টাকা। ১৪৯০ সিসি মোটর গাড়ির মালিক হওয়ায় নিয়মিত উৎসের আয় (অনুমিত আয়সহ) এর উপর আপনার ন্যূনতম করদায় হবে ১৫,০০০/- টাকা। এক্ষেত্রে ১৫,০০০/- টাকার অতিরিক্ত অংক অর্থাৎ ৩,০০০/- টাকা ফেরতযোগ্য হবে।

প্রশ্ন ৩৪-৩: আমার নিয়মিত উৎসের কোন আয় নেই। সংশ্লিষ্ট আয় বছরে আমি ১৪৯০ সিসি মোটর গাড়ির ফিটনেস নবায়নের সময় ১৫০০০/- টাকা অগ্রিম কর প্রদান করেছি। আমার পরিশোধিত ১৫,০০০/- টাকা কি ফেরতযোগ্য বা সমন্বয়যোগ্য হবে?

উত্তর ৩৪-৩: আপনার পরিশোধিত ১৫,০০০/- টাকা ফেরতযোগ্য বা সমন্বয়যোগ্য হবে না।

প্রশ্ন ৩৪-৪: সংশ্লিষ্ট আয় বছরে আমি প্রসাধনসামগ্রী আমদানি বাবদ ১৮,০০০/- টাকা উৎস কর এবং আমার ১৪৯০ সিসি মোটর গাড়ির ফিটনেস নবায়নের সময় ১৫০০০/- টাকা অগ্রিম কর প্রদান করেছি। আমার আমদানি ব্যবসায়ের আয়ের উপর করদায় ১৮,০০০/- টাকা। আমার অতিরিক্ত পরিশোধিত ১৫,০০০/- টাকা কি ফেরতযোগ্য হবে?

উত্তর ৩৪-৪: আপনার আমদানি ব্যবসায়ের আয়ের উপর পরিশোধিত আয়কর ধারা ৪২C অনুযায়ী ন্যূনতম কর; তা ফেরতযোগ্য নয় বা সমন্বয়যোগ্য নয়। আপনার নিয়মিত উৎসের আয় না থাকায় মোটর গাড়ির ফিটনেস নবায়নের সময় প্রদত্ত অগ্রিম কর ফেরতযোগ্য হবে না।

ধারা 68B এর বিধান ১ জুলাই ২০১৬ থেকে কার্যকর হবে। ২০১৬-১৭ কর বছরের করদায় পরিগণনা ও কর ক্রেডিট প্রদানের ক্ষেত্রে এস, আর, ও নং ৯৯-আইন/ ২০১৫, তারিখ ১৭ মে, ২০১৫ খ্রিস্টাব্দ এর আওতায় পরিশোধিত কর ধারা 68B এর উপধারা (২) এর আওতায় পরিশোধিত হয়েছে বলে গণ্য হবে।

৩৫। অগ্রিম আয়কর পরিশোধে ঘাটতিতে সুদ আরোপ: ধারা 73 এর প্রতিস্থাপন

অর্থ আইন, ২০১৬ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 73 প্রতিস্থাপন করা হয়েছে। ধারা 73 এর নতুন বিধানমতে, কোন অর্থ বছরে কোন করদাতা কর্তৃক অধ্যায় VII এর আওতায় প্রদত্ত অগ্রিম কর ও উৎস করের সমষ্টি যদি সংশ্লিষ্ট কর বছরে regular assessment এর মাধ্যমে নিরূপিত করদায়ের ৭৫% এর কম হয় তাহলে বর্ণিত অগ্রিম কর ও উৎস করের সমষ্টি উক্ত ৭৫% অপেক্ষা যতটুকু কম তার উপর করদাতাকে বার্ষিক ১০ শতাংশ হারে সরল সুদ পরিশোধ করতে হবে।

করদাতা Tax Day এর পরে আয়কর রিটার্ন দাখিল করলে এ সরল সুদের হার ৫০% বেশি হবে।